



এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি) SDS (Shariatpur Development Society)

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-শরীয়তপুর/এসডিএস/এইচআর/৪২৬/২০২৩ইং

তারিখঃ ১৯ অক্টোবর, ২০২৩ইং

বেসরকারী সেচ্ছাসেবী সংস্থা এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি) এর পরিচালনায় Education and Development Foundation- EDUCO এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় শরীয়তপুর জেলার জাজিরা উপজেলায় Youth Environmental Stewardship for Eco-friendly Communities (YES4ECO) প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে জনবল নিয়োগের জন্য আশ্রয়ী এবং যোগ্য প্রার্থীদের নিকট থেকে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রম নং	পদের নাম	পদের সংখ্যা	প্রকল্পের নাম	প্রকল্পের সময়কাল	মাসিক বেতন	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	প্রোজেক্ট কো-অর্ডিনেটর	০১	Youth Environmental Stewardship for Eco-friendly Communities (YES4ECO)	জুন ২০২৩ - মে ২০২৫	সর্বসাকুল্যে ৪৫,০০০ - ৪৭,০০০ টাকা মাসিক বেতন ভাতা প্রদান করা হবে।	৩০-৫০ বছর	শ্নাতকোত্তর ডিগ্রি। যে কোন উন্নয়ন সংস্থায় প্রকল্প ব্যবস্থাপনায় কাজ করার ন্যূনতম ০৭(সাত)বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রকল্প পরিকল্পনা ও ব্যবস্থাপনা এবং নেতৃত্বে দক্ষতা থাকতে হবে। এছাড়া পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

দায়িত্ব সমূহ

- সংশ্লিষ্ট প্রকল্প কার্যক্রমের বাজেট সহ মাসিক/ত্রৈমাসিক/অর্ধবার্ষিক/বার্ষিক প্রকল্প পরিকল্পনা তৈরি করা।
- অনুমোদিত পরিকল্পনা এবং বাজেট অনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা।
- প্রকল্পের জনবল, প্রকল্পের সম্পদ এবং সম্পদের তত্ত্বাবধান ও ব্যবস্থাপনায় সক্রিয় ভূমিকা পালন করা।
- উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে পরামর্শ করে যে কোন সমস্যার যথাযথ সমাধানের জন্য সিদ্ধান্ত নেয়া।
- সরকারি কর্মকর্তাদের (সমাজ কল্যাণ বিভাগ, যুব উন্নয়ন বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক বিভাগ, কৃষি, বন ও পরিবেশ, স্থানীয় সরকার প্রতিনিধি এবং অন্যান্য প্রাসঙ্গিক বিভাগ) সাথে সমন্বয় রক্ষা করা।
- প্রকল্পের কার্যক্রম সফল বাস্তবায়নে সহায়তার জন্য অন্যান্য এনজিও, সিবিও এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় রক্ষা করা।
- অভ্যন্তরীণ/বহিরাগত স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় করে প্রশিক্ষণ ইভেন্ট, সেমিনার, কর্মশালা, প্রচারাদিভ্যান আয়োজন করা।
- অভ্যন্তরীণ/বাহ্যিক সংস্থা দ্বারা পরিচালিত মূল্যায়ন পরিচালনায় সহায়তা করা।
- প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি পর্যবেক্ষন করতে মনিটরিং সিস্টেম তৈরি এবং ব্যবহার নিশ্চিত করা।
- মাসিক, ত্রৈমাসিক, অর্ধবার্ষিক এবং বার্ষিক অগ্রগতি প্রতিবেদন ও অনুশীলনের নথি প্রস্তুত করা এবং দাতা ও প্রধান কার্যালয়ে প্রেরন করা।
- দলিয়ভাবে কাজ এবং কাজের মান নিশ্চিত করার জন্য কোচিং, মেন্টরিং এবং নিয়মিত মিটিং এর মাধ্যমে কমিউনিটি মবলাইজারদের সক্ষমতা তৈরি করা।
- দাতা সংস্থার সাথে সমন্বয় রক্ষা করা এবং তাদের প্রত্যাশা পূরণে যথাযথ ব্যবস্থা নেয়া।
- প্রকল্পের সফল বাস্তবায়নের জন্য ইকো ফেডেলি গ্রাম তৈরীতে সংশ্লিষ্ট সেক্টরের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করা।
- দাতা সংস্থার নির্দেশনা এবং চাহিদা সমূহ সময়মত পূরণ করতে অভ্যন্তরীণ স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় করা।
- টিমের সদস্যদের মধ্যে সুরক্ষা সংক্রান্ত বিষয়গুলির অনুশীলন ও প্রচার করা এবং প্রতিটি পদক্ষেপে সুরক্ষা মানগুলি বাস্তবায়ন নিশ্চিত করা।

Sadar Road, Shariatpur, Post Code-8000, Bangladesh. Phone : +88-0601-61654, Fax : +88-0601-61534
web : www.sdsbd.org, e-mail : info@sdsbd.org, sds.shariatpur@gmail.com

Reg. No. Social Welfare: Shari-77/92, NGO Affairs Bureau: 794/93, Microcredit Regulatory Authority: 03074-04616-00229



এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি)

SDS (Shariatpur Development Society)

শর্তাবলী :

১. অগ্রহী প্রার্থীদের সংস্থার নির্বাহী পরিচালক বরাবরে আবেদন করতে হবে। আবেদন পত্র বাছাই সাপেক্ষে যোগ্য প্রার্থীদের ই-মেইল অথবা মোবাইল ফোনে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ জানানো হবে।
২. অগ্রহী প্রার্থীদের আবেদনপত্রে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জন্ম তারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে। প্রার্থীকে আবেদন পত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
৩. দরখাস্তের সাথে ২কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদ পত্র, অভিজ্ঞতার সনদ পত্র, জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে।
৪. প্রকল্পের বরাদ্দ অনুযায়ী বেতন কাঠামো, ২টি উৎসব ভাতা এবং অন্যান্য সুবিধা প্রদান করা হবে। চাকুরী প্রার্থীর প্রত্যন্ত গ্রামাঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে।
৫. নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
৬. নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।
৭. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। নিয়োগ পরীক্ষার সময় সনদপত্রের মূলকপি সাথে আনতে হবে।
৮. আগামী ২৮/১০/২০২৩ ইং তারিখের মধ্যে আবেদনপত্র ই-মেইলে : hr@sdsbd.org অথবা ডাকযোগে অথবা সরাসরি সংস্থার প্রধান কার্যালয়ের মানব সম্পদ বিভাগে জমা দিতে হবে।

উপ-পরিচালক
মানব সম্পদ বিভাগ

Sadar Road, Shariatpur, Post Code-8000, Bangladesh. Phone : +88-0601-61654, Fax : +88-0601-61534
web : www.sdsbd.org, e-mail : info@sdsbd.org, sds.shariatpur@gmail.com
Reg. No. Social Welfare: Shari-77/92, NGO Affairs Bureau: 794/93, Microcredit Regulatory Authority: 03074-04616-00229